গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাব্যবস্থাপক, চট্টগ্রাম মৎস্য বন্দর

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..................... ৩

প্রস্তাবনা ..................... ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ......... ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..................... ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..................... ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..................... ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..................... ১৪

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

চট্টগ্রাম মৎস্য বন্দর বিগত ২০২০-২১, ২০২১-২২ এবং চলমান ২০২২-২৩ (এপ্রিল/২০২৩খ্রি. পর্যন্ত) বাণিজ্যিকভাবে মৎস্য আহরণকে ত্বরান্বিত করার লক্ষ্যে হিমায়িত মাছ নিজস্ব স্টোরে রপ্তানির জন্য সংরক্ষণ, মাছ সংরক্ষণের জন্য নিজস্ব কারখানায় হিমায়ন, মেরিন ওয়ার্কশপ এবং মাল্টিচ্যানেল স্লিপওয়ে ডকইয়ার্ডে নিজস্ব ব্যবস্থাপনায় মৎস্য ট্রলার মেরামত, বেসিন/টি-হেড জেটিতে মৎস্য ট্রলার/বার্জ বার্থিং বাবদ যথাক্রমে আয় করেছে ১১৯৮.৯৪, ১৬৭৪.৭২ এবং ১৫৩৪.৪৫ লক্ষ টাকা। চট্টগ্রাম মৎস্য বন্দরের নির্মিত আধুনিক সুবিধা সম্বলিত মাল্টিচ্যানেল স্লিপওয়ে ডকইয়ার্ড বর্তমানে অপারেশনাল এবং জাহাজ আনডকিংয়ে জটিলতা নিরসনে ব্যাকপুলি স্থাপন করা হয়েছে। অধিক সংখ্যক জাহাজ, বার্জ, পন্টুন মেরামত, ডকিং এবং বার্থিং সুবিধা প্রদানের নিমিত্তে বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১৬০০ কেভিএ ক্ষমতাসম্পন্ন সাব-ষ্টেশন স্থাপন করা হয়েছে। ফিশ প্রসেসিং প্লান্টে ৫০ টন ক্যাপাসিটি সম্পন্ন ষ্টোর রিনোভেশন এবং ১৮ টন ক্যাপাসিটি সম্পন্ন কুলিং কন্ডেন্সার স্থাপন, ২০২০-২১ অর্থ বছরে এসকেভেটর ক্রয় করা হয়েছে। শিল্পপ্লট মালিকদের নদী ব্যবহারের সুবিধার্থে নিজস্ব অর্থায়নে পন্টুন ও গ্যাংওয়ে স্থাপন করা হয়েছে। এছাড়া ইউনিটের পানির সমস্যা নিরসনে গভীর নলকূপ স্থাপনসহ পানি সরবরাহে নতুন পাইপ লাইন স্থাপন করা হয়েছে। এছাড়াও নিরাপত্তা নিশ্চিতে নিরাপত্তা প্রহরীদের যুগোপযোগী ইউনিফর্ম প্রদানসহ অভ্যন্তরীন যোগাযোগে ওয়াকিটকি সংযুক্ত করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

 বাজেট ঘাটতি এবং বাজেট সরকার কর্তৃক বাজেট ব্যয় স্থগিত করার কারণে অবকাঠামো উন্নয়নে বাঁধা।
 বেসিন খনন।
 ফিশ প্রসেসিং প্ল্যান্ট অতি পুরাতন হওয়ায় উৎপাদন তুলনামূলকভাবে Cost Effective না হওয়া।
 ড্রেনেজ সিষ্টেম দীর্ঘদিনের পুরাতন হওয়ায় বর্জ্য ব্যবস্থাপনায় সমস্যা।
 দাপ্তরিক কাজে ব্যবহারে যানবাহনের স্বল্পতা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

 Sustainable Coastal & Marine Fisheries নামক প্রকল্পের আওতায় চট্টগ্রাম মৎস্য বন্দরে অকশন হল, প্রসেসিং ফ্যাক্টরী পুনর্বাসন করার প্রকল্প বাস্তবায়ন করা।
 Marine Workshop & Dockyard এর নতুন জনবল নিয়োগ করে জাহাজ নির্মাণ শিল্পের সূচনা করা।
 Marine Workshop & Dockyard এর নতুন মেশিনারীজ সংযোজন করে উৎপাদনের হার বৃদ্ধি করা।
 ট্রলার বহরে আধুনিক ডীপ সি ফিশিং ভেসেল সংযোজন করা।
 ফিস মিল প্লান্টে দেশীয় ফিশিং ট্রলারের অফিস কক্ষ, ফিস মার্কেট, নেট স্টোর এবং Sea man Residential সুবিধা প্রদানের লক্ষ্যে “মাল্টিপারপাস ফিশারিজ কমপ্লেক্স” নির্মাণ করা।
 চট্টগ্রাম মৎস্য বন্দরে স্যুয়ারেজ এবং ড্রেনেজ সিষ্টেম আধুনিকায়ন করা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- চট্টগ্রাম মৎস্য বন্দরে যথাযথ নিরাপত্তার ব্যবস্থা সুনিশ্চিত করা।
- আধুনিক সুবিধা সম্বলিত রেষ্ট হাউজ নির্মাণ করা।
- মৎস্য বন্দরের প্রশাসন ভবন এবং নিরাপত্তা প্রহরীদের আবাসনের প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন করা।
- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে DPM পদ্ধতিতে ট্রলার, পন্টুন, বার্জ ইত্যাদি মেরামত করার জন্য চুক্তিবদ্ধ হওয়া।
- Marine Workshop & Multi Channel Slipway Dockyard কর্তৃক পরিচালিত স্লিপওয়েদ্বয়তে ট্রলার, পন্টুন, বার্জ ইত্যাদি মেরামতের সংখ্যা বৃদ্ধি করা।
- চট্টগ্রাম মৎস্য বন্দরস্থ ট্রলার বহরের সকল ট্রলার চালু রাখার মাধ্যমে রাজস্ব আয় বৃদ্বি করা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাব্যবস্থাপক, চট্টগ্রাম মৎস্য বন্দর

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

স্বাস্থ্যসম্মত মাছ সরবরাহে সহায়তাকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সামুদ্রিক মৎস্য আহরণ, সমুদ্রগামী ট্রলারসমূহকে বার্থিং সুবিধা, ডকিং-আনডকিং ও মেরামত সুবিধাদি প্রদান এবং সমুদ্র থেকে আহরিত মৎস্য সংরক্ষণের সুবিধাদি প্রদানের মাধ্যমে বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় রূপকল্প বাস্তবায়ন করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ১.৩.১ চট্টগ্রাম মৎস্য বন্দরের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ ১) বাণিজ্যিকভাবে মৎস্য আহরণ ত্বরান্বিতকরণ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমুদ্রগামী ট্রলারসমূহকে বার্থিং, ডকিং-আনডকিং ও মেরামত সুবিধাদি প্রদান;
২. ট্রলার বহরের আওতায় বিদ্যমান ট্রলারসমূহের দ্বারা সামুদ্রিক মৎস্য আহরণ করা;
৩. ফিশ প্রসেসিং এর আওতায় মাছ স্টোরিং, হিমায়ন ও প্যাকেটজাত করা;
৪. মাছ সংরক্ষণের জন্য বরফ উৎপাদন করা;
৫. টি-হেড জেটি ও বেসিনে বার্থিংকৃত ট্রলারসমূহের জন্য সুপেয় পানি ও বিদ্যুৎ সরবরাহ করা;
৬. ফিশিং ট্রলার সমূহের জাল তৈরি, মেরামত এবং সংরক্ষণ সুবিধা প্রদান;
৭. মৎস্য শিল্পের উন্নয়নে ইজারা গ্রহীতা শিল্প প্রতিষ্ঠান সমূহকে প্রয়োজনীয় প্রশাসনিক সুবিধা প্রদান;
৮. ফিশিং ট্রলারের অফিস কক্ষ এবং আবাসন সুবিধা প্রদান।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| বাণিজ্যিকভাবে মৎস্য আহরণ ত্বরান্বিত: | নিজস্ব কারখানায় কাঁচা মাছ হিমায়ণ | মেঃ টন | ৭৩১২৭.৫৩ | ৫২৮৫৩.৭৯ | ৭০০০০ | ৭২০০০ | ৭৫০০০ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিকরিপোর্ট |
| | নিজস্ব কারখানায় কাঁচা মাছ হিমায়ণ (ফ্রিজিং) | মেঃ টন | ৯৫.৪ | ২৯৪.৩৪ | ৩৫০ | ৩৭৫ | ৩৮৫ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিকরিপোর্ট |
| বোট/নৌযান নির্মাণ ও মেরামত | বোট/নৌযান নির্মাণ/মেরামতের পরিমাণ | সংখ্যা | ২১৫ | ১৫২ | ২১০ | ২২০ | ২৫০ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিকরিপোর্ট |
| জাহাজের ডকিং-আনডকিং | ট্রলার/বার্জ বার্থিং | সংখ্যা | ৩৬৫ | ২৬৫ | ৩৮০ | ৪৫০ | ৫১০ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিকরিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] ১.৩.১ চট্টগ্রাম মৎস্য বন্দরের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ ১) বাণিজ্যিকভাবে মৎস্য আহরণ ত্বরান্বিতকরণ। | ৭০ | [১.১] হিমায়িত মাছ নিজস্ব ষ্টোরে সংরক্ষণ | [১.১.১] সংরক্ষিত মাছের পরিমাণ | গড় | মেঃ টন | ১০ | ৬২৯২৪ | ৪৭১৮২ | ৭০০০০ | ৬৫০০০ | ৫৫০০০ | ৫০০০০ | ৪৫০০০ | ৭২০০০ | ৭৫০০০ |
| | | [১.২] মাছ সংরক্ষণের জন্য নিজস্ব কারখানায় হিমায়ন | [১.২.১] হিমায়িত মাছের পরিমাণ | গড় | মেঃ টন | ১৫ | ২০২ | ৯৫ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ২৫০ | ২২৫ | ৩৭৫ | ৩৮৫ |
| | | [১.৩] স্লিপওয়ে/মাড ডকিং-এ মৎস্য ট্রলার মেরামত (মেরিন ওয়ার্কশপ) | [১.৩.১] মেরামতকৃত ট্রলারের সংখ্যা | গড় | সংখ্যা | ১৫ | ১৫৩ | ১৫৫ | ১৭০ | ১৫৫ | ১৩৫ | ১২০ | ১০০ | ১৮০ | ১৯০ |
| | | [১.৪] স্লিপওয়ে/মাড ডকিং-এ মৎস্য ট্রলার মেরামত (মাল্টিচ্যানেল) | [১.৪.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | গড় | সংখ্যা | ১০ | ৪৮ | ২৯ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪৫ | ৫০ |
| | | [১.৫] টি-হেড জেটি-১ ও ২ ট্রলার/বার্জ বার্থিং | [১.৫.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | গড় | সংখ্যা | ১০ | ২০৩ | ১৩৮ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ১০০ | ২০০ | ২১০ |
| | | [১.৬] বেসিন ও তদসংলগ্ন এলাকায় ট্রলার/বার্জ বার্থিং | [১.৬.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | গড় | সংখ্যা | ১০ | ১৭৮ | ১৫০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২৫০ | ৩০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাব্যবস্থাপক, চট্টগ্রাম মৎস্য বন্দর, চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন হিসাবে মহাব্যবস্থাপক, চট্টগ্রাম মৎস্য বন্দর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাব্যবস্থাপক
চট্টগ্রাম মৎস্য বন্দর

তারিখ

চেয়ারম্যান
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরটিআই (RTI) | রাইট টু ইনফরমেশন |
| ২ | ইউএনও (UNO) | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩ | ইউএফও (UFO) | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৪ | বামউক (BFDC) | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন |
| ৫ | বিএফআরআই (BFRI) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট |
| ৬ | মঅ (DOF) | মৎস্য অধিদপ্তর |
| ৭ | সিসি (CC) | সিটিজেন চার্টার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] হিমায়িত মাছ নিজস্ব স্টোরে সংরক্ষণ | [১.১.১] সংরক্ষিত মাছের পরিমাণ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিক রিপোর্ট |
| [১.২] মাছ সংরক্ষণের জন্য নিজস্ব কারখানায় হিমায়ন | [১.২.১] হিমায়িত মাছের পরিমাণ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিক রিপোর্ট |
| [১.৩] স্লিপওয়ে/মাড ডকিং-এ মৎস্য ট্রলার মেরামত (মেরিন ওয়ার্কশপ) | [১.৩.১] মেরামতকৃত ট্রলারের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিক রিপোর্ট |
| [১.৪] স্লিপওয়ে/মাড ডকিং-এ মৎস্য ট্রলার মেরামত (মাল্টিচ্যানেল) | [১.৪.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিক রিপোর্ট |
| [১.৫] টি-হেড জেটি-১ ও ২ ট্রলার/বার্জ বার্থিং | [১.৫.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিক রিপোর্ট |
| [১.৬] বেসিন ও তদসংলগ্ন এলাকায় ট্রলার/বার্জ বার্থিং | [১.৬.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | মাসিক রিপোর্ট |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বেসিন ও তদসংলগ্ন এলাকায় ট্রলার/বার্জ বার্থিং | বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, নৌ বাণিজ্য দপ্তর, মৎস্য মান নিয়ন্ত্রণ ইউনিট |
| টি-হেড জেটি-১ ও ২ ট্রলার/বার্জ বার্থিং | বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, নৌ বাণিজ্য দপ্তর, মৎস্য মান নিয়ন্ত্রণ ইউনিট |
| স্লিপওয়ে/মাড ডকিং-এ মৎস্য ট্রলার মেরামত (মাল্টিচ্যানেল) | বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, নৌ বাণিজ্য দপ্তর, মৎস্য মান নিয়ন্ত্রণ ইউনিট |
| স্লিপওয়ে/মাড ডকিং-এ মৎস্য ট্রলার মেরামত (মেরিন ওয়ার্কশপ) | মেরামতকৃত ট্রলারের সংখ্যা | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, নৌ বাণিজ্য দপ্তর, মৎস্য মান নিয়ন্ত্রণ ইউনিট |
| মাছ সংরক্ষণের জন্য নিজস্ব কারখানায় হিমায়ন | হিমায়িত মাছের পরিমাণ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, নৌ বাণিজ্য দপ্তর, মৎস্য মান নিয়ন্ত্রণ ইউনিট |
| হিমায়িত মাছ নিজস্ব স্টোরে সংরক্ষণ | সংরক্ষিত মাছের পরিমাণ | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, নৌ বাণিজ্য দপ্তর, মৎস্য মান নিয়ন্ত্রণ ইউনিট |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ